ন্যু ক্যাম্পের শেষ ম্যাচে জয়ে ফিরল বার্সেলোনা

লা লিগায় টানা ২৩ ম্যাচ অপরাজিত থাকার পর গেল সপ্তাহে সেল্টার মাঠে ২-০ গোলে হেরেছিল বার্সেলোনা। দিন তিনেক পর চ্যাম্পিয়নস লিগ সেমিফাইনালে লিভারপুলের বিপক্ষে ৪-০ গোলের ব্যবধানে বিশাল হার তো সবার কল্পনার বাইরেই ছিল। প্রথম লেগে ৩-০ গোলে এগিয়ে থেকেও দ্বিতীয় লেগে অমন হার প্রতিযোগিতা থেকেই ছিটকে দেয় কাতালানদের। পরপর দুই ম্যাচ হারের পর ন্যু ক্যাম্পে মৌসুমের শেষ ম্যাচ জয় দিয়ে শেষ করল স্প্যানিশ জায়ান্টরা।

সামনে কোপা দেল রের ফাইনাল। লিগ শিরোপা জেতা হলেও চ্যাম্পিয়নস লিগ থেকে বিদায়ের পর নিজের শিষ্যদের চাঙা করতে গেটাফের বিপক্ষে নিজের সেরা একাদশটাই বেছে নিয়েছেন ভালভার্দে। লুইস সুয়ারেজ না থাকলেও মেসি-কুতিনহো, ভিদাল-রাকিটিচ কিংবা পিকে-উমতিতির মতো তারকাদের সবাই ছিলেন ম্যাচে। শুধু গোলপোস্টের নিচে টের স্টেগানের বদলে সিলেসেন ছিলেন।

শুরু থেকেই বল দখলে এগিয়েও ছিল স্বাগতিকেরা। তবে গোলের প্রথম সুযোগ পায় গেটাফেই। পাল্টা আক্রমণে গেটাফের ফরোয়ার্ড মোলিনা বার্সা গোলরক্ষককে একা পেয়েও লক্ষ্য ঠিক রাখতে পারেননি। তবে ২৭ মিনিটে ফের পাল্টা আক্রমণে ওঠা অতিথিরা গোল পান। কিন্তু ভাগ্য সহায় না হলে যা হয় আরকি! এবার মোলিনা ঠিকঠাক শট নিয়ে বল জালে জড়ালেও ভিএআর-এর সাহায্যে গোল বাতিল করেন রেফারি।

৩৯ মিনিটে ভিদালের গোলে অচলায়তন ভাঙে বার্সেলোনা। এরপর এগিয়ে থেকেই খেলা শেষ করে স্প্যানিশ জায়ান্টরা। স্কোরলাইন ১-০–তেই ম্যাচ শেষ হতো। ৮৯ মিনিটে মেসিকে আটকে বল ক্লিয়ার করতে গিয়ে নিজেদের জালেই জড়িয়ে দেন গেটাফে ডিফেন্ডার দাকোনাম।